

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৩৯০

৪৫/ দু'আসমূহ (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ১৩. সকাল-সন্ধ্যায় পাঠ করার দু'আ

باب مَا جَاءَ فِي الدُّعَاءِ إِذَا أَصْبَحَ وَإِذَا أَمْسَى

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بْنُ وَكِيعٍ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنِ الْحَسَنِ بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ سُوَيْدٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَمْسَى قَالَ " أَمْسَيْنَا وَأَمْسَى الْمُلْكُ لِلَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ أَرَاهُ قَالَ فِيهَا لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ أَسْأَلُكَ خَيْرَ مَا فِي هَذِهِ اللَّيْلَةِ وَخَيْرَ مَا بَعْدَهَا وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ هَذِهِ اللَّيْلَةِ وَشَرِّ مَا بَعْدَهَا وَأَعُوذُ بِكَ مِنَ الْكَسَلِ وَسُوءِ الْكِبَرِ وَأَعُوذُ بِكَ مِنْ عَذَابِ النَّارِ وَعَذَابِ الْقَبْرِ ". وَإِذَا أَصْبَحَ قَالَ ذَلِكَ أَيْضًا " أَصْبَحْنَا وَأَصْبَحَ الْمُلْكُ لِلَّهِ وَالْحَمْدُ لِلَّهِ ". قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَوَاهُ شُعْبَةُ بِهَذَا الْإِسْنَادِ عَنْ ابْنِ مَسْعُودٍ لَمْ يَرْفَعْهُ .

বাংলা

৩৩৯০। আবদুল্লাহ ইবনু মাসউদ (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, সন্ধ্যায় উপনীত হয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেনঃ “আমরা রাতে উপনীত হলাম এবং আল্লাহ তা’আলার বিশ্বজাহানও রাতে উপনীত হল। সকল প্রশংসা আল্লাহ তা’আলার জন্য, আল্লাহ তা’আলা ব্যতীত কোন ইলাহ নেই, তিনি এক, তার কোন শারীক নেই।” বর্ণনাকারী বলেন, আমার ধারণা হয় তিনি আরো বলেছেনঃ “রাজত্ব তারই এবং সকল প্রশংসাও তারই। সর্ববিষয়ে তিনি সর্বশক্তিমান। (হে আল্লাহ) তোমার নিকট আমি এ রাতের মাঝে নিহিত মঙ্গল এবং এ রাতের পরে নিহিত মঙ্গল কামনা করি। আর আমি তোমার নিকট আশ্রয় চাইছি এ রাতের অমঙ্গল এবং এ রাতের পরে সমস্ত অমঙ্গল হতে। তোমার কাছে আমি আশ্রয় চাই অলসতা ও বার্ধক্যের অনিষ্ট হতে। আমি তোমার কাছে আরো আশ্রয় চাই (জাহান্নামের) আগুনের আযাব ও কবরের শাস্তি হতে।” তিনি ভোরে উপনীত হয়েও একই দু’আ করতেনঃ “আমরা ভোরে উপনীত হলাম এবং আল্লাহ তা’আলার বিশ্বজাহানও ভোরে উপনীত হল। সমস্ত প্রশংসা আল্লাহ তা’আলার জন্য...।

সহীহঃ মুসলিম (হাঃ ৮/৮২)

আবু ঈসা বলেন, হাদীসটি হাসান সহীহ। এ হাদীস শুবাহ (রহঃ)-ও উক্ত সনদে ইবনু মাসউদ (রাযিঃ) হতে রিওয়াযাত করেছেন, তবে মারফুরূপে নয়।

English

`Abdullah said:

“When he reached the evening, the Prophet (ﷺ) used to say, ‘We have reached the evening, and the Dominion has reached the evening, while belonging to Allah. And all praise belongs to Allah. None has the right to be worshiped but Allah, alone, without partner. (Amsaina wa amsal-mulku lillāh, wal-ḥamdulillāh, wa lā ilāha illallāh, waḥdahū lā sharīka lahu)’ – I think he said [in it]: - ‘To Him belongs the Dominion, and to Him is the praise, and He is capable of all things. I ask You for the good that is in this night, and the good of what is after it, and I seek refuge in You from the evil of this night, and the evil of what is after it, and I seek refuge in You from laziness and helpless old age. And I seek refuge in You from the punishment of the Fire and the punishment of the grave (Lahul-mulku wa lahuḥ-ḥamdu, wa huwa `alā kulli shai'in qadīr. Asa'luka khaira mā fī hādhihil-lailah, wa khaira mā ba`dahā, wa a`ūdhu bika min sharri hādhihil-lailati wa sharri mā ba`dahā, wa a`ūdhu bika minal-kasali wa sū'il-kibar, wa a`ūdhu bika min `adhābin-nāri wa `adhābil-qabr).’ And when he reached the morning, he (ﷺ) used to say, ‘We have reached the morning, and the Dominion has reached the morning, while belonging to Allah. And all praise belongs to Allah (Aṣḥānā wa aṣḥāḥal-mulku lillāh, wal-ḥamdulillāh).’”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=41844>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন